

হৃদয়ক সাধ মিশাওল হৃদয়ে, কঠে বিমলিন মালা ।  
 বিরহবিষে দহি বহি গল রয়নী, নহি নহি আওল কালা ॥  
 বুঝনু বুঝনু সখি বিফল বিফল সব, বিফল এ পীরিতি লেহা—  
 বিফল রে এ মঝু জীবন যৌবন, বিফল রে এ মঝু দেহা ॥  
 চল সখি গৃহ চল, মুঞ্চ নয়ন-জল, চল সখি চল গৃহকাজে,  
 মালতিমালা রাখহ বালা, ছি ছি সখি মরু মরু লাজে ।  
 সখি লো দারুণ আধিভরাতুর এ তরুণ যৌবন মোর,  
 সখি লো দারুণ প্রণয়হলাহল জীবন করল অঘোর ॥  
 তৃষিত প্রাণ মম দিবসযামিনী শ্যামক দরশন আশে,  
 আকুল জীবন থেহ ন মানে, অহরহ জ্বলত হতাশে ।  
 সজনি, সত্য কহি তোয়,  
 খোয়াব কব হম শ্যামক প্রেম সদা ডর লাগয়ে মোয় ।  
 হিয়ে হিয়ে অব রাখত মাধব, সো দিন আসব সখি রে,  
 বাত ন বোলবে, বদন ন হেরবে, মরিব হলাহল ভখি রে ।  
 ঐস বৃথা ভয় না কর বালা, ভানু নিবেদয় চরণে,  
 সুজনক পীরিতি নৌতুন নিতি নিতি, নহি টুটে জীবন-মরণে ॥

---

Parjaay: Bhanu Singher Padabali, Taal: Tritaal, Style: Bhairav-Kirtan  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail